

বর্ষায় আপনার সাজ



এখন বর্ষাকাল। স্যাঁতসেঁতে ভাব সব জায়গায়। আবহাওয়া থাকে ভেজা ভেজা। এই সময় আবহাওয়ার মধ্যে থাকে না তেমন ময়শ্চারাইজার। কেমন যেন অলসতা ভর করে সব কাজে। তারপরও নিজেকে গুছিয়ে চলতে হবে প্রয়োজনের তাগিদে। বর্ষায় অলসতার কারণে রূপচর্চাকে অবহেলা করা যায় না। এতে করে সুন্দর মুখাবয়ব নিমেষেই বিলীন হয়ে যায় অযত্নে অবহেলায়। এর জন্য বর্ষার কিছু টিপ্স নিয়ে



রূপ চর্চা

বর্ষায় আপনার সাজ



চুল

শ্রী




চুল

চক



রাপচর্চা



লিখেছেন নাজিয়া হাসান

চুল

প্রথমেই আসা যাক চুলের যত্নে। ছোট বড় যাই হোক এই সময় চুলের প্রতি আলাদা যত্ন



নিতে হবে। চুলে তেমন উজ্জ্বলতা থাকে না। এর জন্য বাইরে বের হওয়ার আগে প্রতিদিন শ্যাম্পু করুন। এ সময় চুলের গোড়া ভেজা থাকা অবস্থায় খুশকি ও উকুনের জন্ম হয়। তাই শ্যাম্পু করে চুল ফ্যানের নিচে শুকিয়ে নিন। চুলের উজ্জ্বলতা বৃদ্ধির জন্য একটি ডিমের সঙ্গে লেবুর রস মিশিয়ে সপ্তাহে একবার ব্যবহার করুন।

ত্বক

এ সময় ত্বকের বিশেষ যত্ন নেয়া প্রয়োজন। বাইরে বেরনোর আগে ফেসওয়াশ দিয়ে মুখ পরিষ্কার করুন। তেলমুক্ত লোশন যাদের ত্বক







পোশাক



হাত ও পায়ের যত্ন

জুতা ও ব্যাগ

সাজসজ্জা





পোশাক



হাত ও পায়ের যত্ন

জুতা ও ব্যাগ

সাজসজ্জা





যায়। এ সময় ঠোঁটে গ্লিসি লিপস্টিক ব্যবহার করুন। হালকা করে ব্লাশম ব্যবহার করুন, সঙ্গে ছোট টিপ যা পরিপূর্ণতা এনে দেবে আপনার চেহারা।

পোশাক

পোশাক নির্বাচনের সময় যতটা পারেন সুতি কাপড় এড়িয়ে চলুন। গাঢ় রং যেমন কমলা, সবুজ, নীল, বেগুনি রঙের জর্জেট, সিনথেটিক, শিফন কাপড় পরিধান করুন। যাতে করে আপনি বৃষ্টিতে ভিজে গেলে তেমন বিড়ম্বনায় পড়তে না হয়। এ ধরনের পোশাক পরে অনেকক্ষণ ভিজে থাকা যায়।



শুষ্ক তারা ব্যবহার করুন। ঠোঁটে লিপজেল বা ভ্যাসলিন ব্যবহার করুন।

হাত ও পায়ের যত্ন

এ সময় হাতের চেয়ে পায়ের বেশি যত্ন নিন। কেননা বৃষ্টির সময় পা ভিজে যায়। এতে করে নখের কোণে ময়লা জমে ফাঙ্গাস হয়। এর জন্য একটি পাত্রে কুসুম গরম পানি নিয়ে তাতে একটু শ্যাম্পু ফেলে পা ডুবিয়ে রাখুন। কিছুক্ষণ পর পানি থেকে পা তুলে ব্রাশ দিয়ে ঘষে ফেলুন। এরপর পায়ে হালকা করে লোশন ব্যবহার করুন। পাশাপাশি গ্লিসারিন ব্যবহার করুন। হাত ও পায়ে মসৃণতা ফিরে পাবেন।

সাজসজ্জা

এ সময় ওয়াটার প্রুফ আইলাইনার ও মাস্কারা ব্যবহার করুন। অবশ্যই ওয়াটার প্রুফ কমপ্যাঙ্ক্ট হালকা করে ব্যবহার করুন। যাতে করে আপনাকে বেশি সতেজ ও প্রাণচঞ্চল বোঝা



জুতা ও ব্যাগ

এ সময় রাবার জাতীয় একটু হিলযুক্ত স্যাডেল পরুন। কারণ বৃষ্টির ফলে রাস্তা ঘাটে পানি জমে কাদায় ভরপুর থাকে। হিলযুক্ত জুতো পরলে পানিতে আপনার পা ভিজে যাবে না। তথাকথিত ফ্যাশনেবল ব্যাগ ব্যবহার না করে চামড়ার ব্যাগ ব্যবহার করুন। যা বৃষ্টিতে ভিজে নষ্ট হবে না। আর একটা কথা, বেরুবার আগে হাতা নিতে ভুলবেন না। এটা ছাড়া বর্ষার দিনে আমরা একেবারেই অচল।

